

## জাত পরিচিতি

বিআর১১ একটি অতি পরিচিত আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৮০ সালে এ জাত উদ্ভাবন করেছে। বিআর১১ বা মুক্তা বাংলাদেশে সর্বাধিক জনপ্রিয় জাত।

## জাতের বৈশিষ্ট্য

- ▶ এর উচ্চতা ১১৫ সেন্টিমিটার।
- ▶ চাল মাঝারি মোটা।
- ▶ ফুল ফোটার সময় ধানের ছড়া ডিগপাতার উপরে থাকে বিধায় সহজেই দৃষ্টি আকর্ষণ করে।



বিআর১১

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বিআর১১-এর ৩০ দিনের চারা প্রায় ৩৫ সেন্টিমিটার লম্বা হয়। ফলে ২০-২৫ সেন্টিমিটার (৮-১০ ইঞ্চি) পানি জমে থাকে এমন জমিতেও সহজে রোপণ করা যায়।

## জীবনকাল

এর জীবনকাল ১৪৫ দিন।

## ফলন

হেক্টর প্রতি ৫.৫ টন।

১৯৭৬ সালে মেক্সিকোতে হেক্টর প্রতি ১৪.৫ টন ফলন দিয়ে বিআর১১  
বিশ্বে রেকর্ড সৃষ্টি করে।

## চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : ২৫ জ্যৈষ্ঠ-১৫ আষাঢ় (৮ জুন-২৯ জুন)।
২. চারার বয়স : ২৫-৩০ দিন।
৩. রোপণ দূরত্ব : ২৫X ১৫ সেন্টিমিটার।
৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):
 

|     |         |        |      |        |      |
|-----|---------|--------|------|--------|------|
| ৪.১ | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিংক |
|     | ২৪      | ১৩     | ৯.৫  | ৮      | ১.৫  |
- ৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৬০ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করা উত্তম।
৫. আগাছা দমন : রোপণের অন্তত ৩০-৪০ দিন পর পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৬. সেচ ব্যবস্থাপনা : ধানের চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।
৭. রোগবলাই দমন : অনুমোদিত বলাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে।
৮. ফসল পাকা ও কাটা : ৫ কার্তিক-১০ অগ্রহায়ণ (২০ অক্টোবর-২৪ নভেম্বর)।



মন্তব্যঃ তবে সম্প্রতি এ ধানে রোগ বলাই-এর উপদ্রব লক্ষণীয়। এ কারণে নাবী রোপণের জন্য সুবিধাজনক নয়।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ৩২